

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৬৬-আইন/২০২২/১৭৯-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৮-আইন/২০১৯/৩৫-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “এর প্রয়োজনীয় কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত)” শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে “এর স্থানীয় উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং এর প্রয়োজনীয় কাঁচামাল আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর (আগাম করসহ)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) অনুচ্ছেদ ৩ এর দফা (চ) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব